# নজরুল ঃ তাঁর সমকালে

ড. আনোয়ারুল করীম





ড. আনোয়ারুল করীম ১৯৩৮ সালের ২৩ অক্টোবর, বাংলা ৮ কার্তিক ১৩৪৫ সালে যশোর জেলার মণিরামপুর থানার লাউড়ি গ্রামে তাঁর মাতুলালয়ে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস মণিরামপুরের পার্শ্ববর্তী কেশবপুর থানার কড়িয়াখালি গ্রামে। তিনি ৬০ বছরের অধিককাল কুষ্টিয়া শহরের স্থায়ী বাসিন্দা। পিতা মরহুম মৌঃ করীমবখশ পদস্থ সরকারি কর্মকর্তা হওয়ায় শিক্ষাকাল, শৈশব ও কৈশোর কাটে ঢাকাসহ বিভিন্ন জেলায়। অতঃপর যশোর জেলা স্কুল থেকে ১৯৫৫ সালে ম্যাট্রিক পাস করেন। কলেজের শিক্ষা কুষ্টিয়া এবং উচ্চ শিক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ১৯৬২ সালে ইংরেজিতে এম.এ. এবং ১৯৭৭ সালে বাংলায় পিএইচ-ডি। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনিই সর্বপ্রথম বাউল বিষয়ে পিএইচ-ডি লাভ করেন। এরপর কুষ্টিয়া সরকারি কলেজে অধ্যাপনায় যোগ দেন ১৯৬২ সালে। ১৯৭১ সালে ফেব্রুয়ারি-মার্চ মাসে কুষ্টিয়ার স্বাধীন বাংলা সাহিত্যিক-বুদ্ধিজীবী ও শিল্পী সংগ্রাম পরিষদ গঠন করেন ও তার সভাপতি নির্বাচিত হন।

১৯৮২ সালে ভারতে ১০টি বিশ্ববিদ্যালয়ে তিন মাস অবধি ফোকলোর ও বাউল বিষয়ে বক্তৃতা প্রদান করেন। অতঃপর ১৯৮৫ সালে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং স্কলার হিসেবে যোগ দেন। সেখানে বিশ্বনন্দিত প্রফেসর এ্যানেমেরি শিমেল-এর তত্ত্বাবধানে সুফি-বাউল এবং তুলনামূলক ধর্মতত্ত্বে গবেষণা। এ সময়ে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ফোকলোর বিভাগে Shamanism in Bangladesh এবং Divinity School এর Center for the Study of World Religion -এ রবীন্দ্রনাথ ও বাংলা বিষয়ে বক্তৃতা করেন। অতঃপর নিউ ইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে International Council for traditional music কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বাউল ও লালনের গান-সম্পর্কে বক্তৃতা করেন। আমেরিকার বেশ কিছু প্রতিষ্ঠানেও তিনি বাউল ও লালন বিষয়ে বক্তৃতা করেন। ভয়েস অব আমেরিকা তাঁর একটি সাক্ষাৎকার প্রচার করে। এ সময় ক্যালিফোর্নিয়ার বার্কলে বিশ্ববিদ্যালয়েও তাঁকে বক্তৃতা দানের জন্য আমন্ত্রণ জানানো হয়। বোষ্টনে তিনি প্রবাসী বাঙালি এবং আমেরিকাসহ অন্য বিদেশিদের সমাবেশে বাউল বিষয়ে বক্তৃতা প্রদান করেন। ১৯৮৫ সালে তিনি লন্ডন বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক ও ছাত্রদের সঙ্গে আলোচনা এবং বিবিসিতে বাউল ও লালন বিষয়ে সাক্ষাৎকার প্রদান করেন। অতঃপর ফিলিপাইনস-এর ইউনিভার্সিটি অফ ফিলিপাইনস এবং মিনদানাও স্টেট ইউনিভার্সিটি সহ বেশ কিছু প্রতিষ্ঠানে সুফি মতবাদ সম্পর্কে বক্তৃতা প্রদান করেন। মিনদানাও স্টেটের গর্ভনর এবং বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট তাঁর বক্তৃতাদানের জন্য তাকে সম্মানজনক সনদপত্র প্রদান করেন। ১৯৮৫ সালেই তিনি জাপানে ওকাইমা ফোকলোর সোসাইটির আমন্ত্রণে সেখানেও অন্যান্য কয়েকটি বিশ্ববিদ্যালয়ে বাউল ও ফোকলোর বিষয়ে বক্তৃতা প্রদান করেন। ১৯৭৩ সাল থেকে শুরু করে অদ্যাবধি তিনি ভারতের দশটি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে বক্তৃতা প্রদান করেছেন। তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আর্থিক অনুদানে পল্লী উন্নয়নে রবীন্দ্রনাথের অবদান বিষয়ে গবেষণাকর্মের জন্য বিশ্বভারতীতে শ্রী নিকেতন পল্লী উন্নয়ন বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন। সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয় ও এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল আয়োজিত অনুষ্ঠানে বাউল বিষয়ে নতুন তত্ত্ব প্রদানের জন্য প্রশংসিত হয়েছেন।

ড. আনোয়ারুল করীম ১৯৮০ সালে বাংলাদেশ সরকারের সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে জাতীয় উপদেষ্টা কমিটির একজন সম্মানিত সদস্য ছিলেন। তিনি লালন একাডেমীর প্রতিষ্ঠাতা পরিচালক এবং ফোকলোর রিসার্স ইনস্টিটিউট, কুষ্টিয়ার প্রতিষ্ঠাতা। তিনি দীর্ঘ আট বছর আমেরিকাস্থ International Council for Traditional music -এর Liaison Officer হিসেবে কর্মরত ছিলেন। ১৯৮৮ সাল থেকে ১৯৯৬ পর্যন্ত সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে সম্মানিত হন। তিনি ১৯৯৬ সালে অধ্যক্ষ হিসেবে কুষ্টিয়া সরকারি কলেজ থেকে অবসরে যান। তিনি ১৯৯৬ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, ট্রেজারার ও দায়িত্ব প্রাপ্ত উপাচার্য হিসেবে কাজ করেছেন। প্রফেসর করীম ইংরেজী ও বাংলা বিষয়ে নানা গবেষণা গ্রন্থ প্রণেতা। তাঁর বহু লেখা বিদেশী পত্র-পত্রিকায় ছাপা হয়েছে। ব্যক্তিগত জীবনে তিনি এক কন্যা ও দুই পুত্রের জনক। স্ত্রী মরহুমা অধ্যাপিকা সৈয়দ আমেনা করীম কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের বাংলা বিভাগের প্রধান ও বাংলাদেশ লেখিকা সংঘ, কুষ্টিয়া শাখার প্রতিষ্ঠাতা সভানেত্রী ছিলেন। প্রফেসর ড. করীম বর্তমানে নর্দান বিশ্ববিদ্যালয় বাংলাদেশ খুলনা ক্যাম্পাসের ইন-চার্জ এবং ইংরেজী বিভাগের প্রধান।

# নজরুল ঃ তাঁর সমকালে

ড. আনোয়ারুল করীম

নওরোজ সাহিত্য সম্ভার

**নজরুল ঃ তাঁর সমকালে**

প্রথম প্রকাশ ২১শের বইমেলা ২০১৪

**লেখক:**
ড. আনোয়ারুল করীম

**পরিবেশনা:**
নওরোজ সাহিত্য সম্ভার
৪৬, বাংলাবাজার, ঢাকা-১১০০

**প্রকাশকাল:**
ফেব্রুয়ারি ২০১৪

**গ্রন্থস্বত্ব:**
লেখক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

**প্রচ্ছদ:**
জর্জ হায়দার

**গ্রাফিক্স:**
গৌরাঙ্গ পাল

**মুদ্রণ:**
রূপান্তর প্রিন্টিং এণ্ড পাবলিকেশন
২৯/১, শেরে বাংলা রোড, খুলনা।

**মূল্য:**
৩৫০.০০ টাকা

---

**NAZRUL : TAR SAMOKALEY (Nazrul and his contemporary world)** by Dr. Anwarul Karim, Published by the Author and distributed by NASAS Nawroz Shahitya Shambhar, 46 Bangla Bazar, Dhaka-1100.
**Price :** 350.00 Taka. US $ 10
**ISBN :** 978-984-702-100-X

# উৎসর্গ

আমার কন্যা
সুলতানা আফরোজকে–
(যুগ্মসচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)

আমার আব্বা মরহুম করীম বখ্‌শ ও প্রখ্যাত সংগীতশিল্পী আব্বাসউদ্দীন বন্ধু ছিলেন। বৃটিশ ভারতে একই বিভাগে চাকুরীর সুবাদে তাঁরা দু'জনে কলকাতায় ছিলেন। আব্বা থাকতেন হুগলীতে। আব্বাসউদ্দীনের সঙ্গে নজরুলের অনেক গানের আসরে তিনি উপস্থিত ছিলেন। দেশ বিভাগের পর ঢাকা ফার্মে থাকাকালীন সময়ে ১৯৫৩ সালে তেজগাঁ ভেটেরিনারী কলেজের অনুষ্ঠান শেষে শিল্পী আব্বাসউদ্দীন ও তাঁর কন্যা ফেরদৌসী আমাদের বাসায় এসেছিলেন এবং দীর্ঘক্ষণ ধরে নজরুলের গান শুনিয়েছিলেন। আব্বার প্রেরণায় তুমি নজরুলের গান 'অঞ্জলি লহ মোর সংগীতে' এই গানটি আব্বাকে শোনাতে।

নজরুলকে নিয়ে এই গ্রন্থ তোমাকে দিলাম আব্বা ও আব্বাসউদ্দীনের স্মৃতির প্রতি শ্রদ্ধা রেখে।

–আব্বু